

Official Spokesperson's response to media queries regarding incidents of violence against the minority community in Bangladesh

November 07, 2020

বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপরে হিংসাত্মক ঘটনার বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

নভেম্বর ০৭, ২০২০

বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের উপরে হিংসাত্মক ঘটনার বিষয়ে সংবাদ মাধ্যমের প্রশ্নের উত্তরে সরকারি মুখপাত্র শ্রী অনুরাগ শ্রীবাস্তব বলেছেঃ

“ পূর্ব বাংলাদেশের কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলায় সংখ্যালঘু সম্প্রদায়ের উপরে আক্রমণের ঘটনার সংবাদ আমরা লক্ষ্য করেছি।

বাংলাদেশে অবস্থিত আমাদের হাই কমিশন বাংলাদেশ সরকারের স্থানীয় প্রশাসনের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রেখে চলেছে, যারা এই ঘটনা এবং যেগুলি সামাজিক এবং সাম্প্রদায়িক উত্তেজনার ইন্ধন জোগানো সম্পর্কিত প্রচেষ্টা করে থাকে এইরকম অন্যান্য সকল ঘটনাগুলিকে খুবই গুরুত্ব সহকারে দেখছেন।

আমাদের জানান হয়েছে যে, আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ এই হিংসাত্মক ঘটনা ছড়িয়ে পড়ার তদন্ত করছে। যেকোন রকমের অপ্রীতিকর গন্ডগোলকে প্রতিহত করার জন্য তারা সজাগদৃষ্টিও রেখে চলেছেন”।

নিউ দিল্লি

নভেম্বর ০৭, ২০২০

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.